দৈনিক ইনকিলাব

তারিখ ... 20 AUG 1997
পৃষ্ঠা ১ কলাম ১

32

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে ভিসি সমর্থকদের সাথে ছাত্র লীগ কর্মীদের সংঘর্ষ ঃ আহত ৬

ইঃ বিঃ রিপোর্টার ঃ ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের সমর্থনকারীদের সাথে গতকাল ছাত্র লীগের সংঘর্ষে ৫/৬ জন আহত হয়েছে। ক্যাম্পাসে বহিরাগতদের সন্ত্রাসের প্রতিবাদে ছাত্র লীগের মিছিলটি শেখপাড়া বাজারে পৌঁছলে উভয়পক্ষের মধ্যে ধাওয়া পাল্টা-ধাওয়া শুরু হয় এবং ৫/৬ রাউন্ড গুলী বিনিময় হয়। এ ঘটনায় বিশ্ববিদ্যালয়ের পার্শ্ববর্তী শেখপাড়া বাজারে উত্তেজনা বিরাজ

১১-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## ইসলামী বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

করছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। গত সোমবার ভিসি সমর্থনকারী গ্রুপ কর্তৃক ছাত্র লীগ সেক্রেটারী মোঃ হারুন-উর-রশীদের মোটর সাইকেল ছিনিয়ে নেয়ার জের হিসাবে এই সংঘর্ষের সৃষ্টি হয়। এদিকে বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাসী ঘটনায় ছাত্র লীগের ২ জন নেতাকে দায়ী করে ভাইস চ্যান্সেলর প্রফেসর মোঃ ইনাম-উল হক কুষ্টিয়া থানায় মামলা দায়ের করেছেন। বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষকও উক্ত ঘটনায় ভিসিসহ ৬ জন কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে মামলা করেছেন। এদিকে জাতীয়তাবাদী ছাত্র দল ইঃ বিঃ শাখা বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস এবং ভিসিকে লাঞ্ছিত করার জন্য ছাত্র লীগের তীব্র নিন্দা করেছে। জাতীয়তাবাদী ছাত্র দলের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বর্তমান সরকার ক্ষমতার আসার পর হতে বর্তমান ভিসিকে দিয়ে আওয়ামী বাকশালীদের ক্যাম্পাসে প্রতিষ্ঠার চেষ্টা করে। ছাত্র দল যাবতীয় দুনীর্তি, দলীয়করণ, অনিয়মের বিচার দাবী করেছে।